

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে শিক্ষকবৃন্দদের নিয়ে দিনব্যাপী কর্মশালার আয়োজন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকবৃন্দদের নিয়ে দিনব্যাপী ‘Workshop on Outcome Based Education (OBE) Curriculum: Implementation of BNQF Essentials’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২৯ মার্চ ২০২৩) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর ও আইকিউএসির অতিরিক্ত পরিচালক মোঃ মোহাইমিনুল ইসলাম সেলিম। কর্মশালার কি-নোট স্পিকার হিসেবে ছিলেন নোবিপ্রবি আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদ। কর্মশালায় বক্তা হিসেবে ছিলেন নোবিপ্রবি আইকিউএসির সাবেক পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আশরাফুল আলম। সার্বিক পরিচালনায় ছিলেন নোবিপ্রবি আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদ। ওয়ার্কশপে প্রতিটি ডিপার্টমেন্ট থেকে ফেকাল্টি মেম্বাররা অংশগ্রহণ করেন।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘আমাদের সবার মধ্যেই সুপ্ত প্রতিভা রয়েছে, সেটাকে খুঁজে বের করে কাজে লাগাতে হবে। চেষ্টা থাকলে যে কোন কঠিন কাজও করা সম্ভব। প্রশিক্ষণ ও কর্মশালা দক্ষ জনবল তৈরিতে সহায়ক ভূমিকা পালন করে। দক্ষতা ও পেশাগত উৎকর্ষতার মাধ্যমে অর্পিত দায়িত্ব পালন করতে হবে। সবাইকে যার যার কাজ সঠিকভাবে করতে হবে, তখনই অর্জনগুলো দৃশ্যমান হবে। আমি এই কর্মশালার সফলতা কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু’।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

